

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুক্তাদীদের জন্য মাকরূহ হলো জোরে কিরা'আত পড়া, যাতে ইমামের কিরা'আতের সাথে প্রতিদ্বন্দিতা করা না হয়

ذِكْرُ كَرَاهِيَةِ رَفْعِ الصَّوْتِ لِلْمَأْمُومِ بِالْقِرَاءَةِ لِئَّلَّا يُنَازِعُ الْإِمَامُ مَا يَقْرَؤُهُ

আরবী

1846 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانِ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنِ ابْنِ شَهَابٍ عَنِ ابْنِ أَكَيْمَةَ اللَّيْثِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ انْضَرَفَ مِنْ صَلَاةٍ جَهَرَ فِيهَا بِالْقِرَاءَةِ فَقَالَ: (هَلْ قَرَأَ أَحَدٌ مِنْكُمْ آنِفًا)؟ فَقَالَ رَجُلٌ: نَعَمْ أَنَا يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَجُلٌ: نَعَمْ أَنَا يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عليه وَسَلَّمَ: (إِنِّي أَقُولُ: مَا لِي أُنازِع الْقُرْآنَ)؟ فَانْتَهَى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ فِيمَا جَهَرَ فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِي سَمِعُوا ذَلِكَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1846 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))، ((صحيح أبى داود)) (781).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: اسْمُ ابْنِ أُكَيْمَةَ: عَمْرُو بْنُ مُسْلِمٍ بْنِ عَمَّارِ بْنِ أُكَيْمَةَ وَهُمَا أَخُوانِ: عَمْرُو بْنُ مُسْلِمٍ فَهُوَ تَابِعِيُّ سَمِعَ أَبَا هُرَيْرَةَ وَسَمِعَ مِنْهُ الزُّهْرِيُّ.

وَأُمَّا عُمَرُ بْنُ مُسْلِمٍ فَهُوَ مِنْ أَتْبَاعِ التَّابِعِينَ سَمِعَ سَعِيدَ بْنَ الْمُسَيِّبِ وَرَوَى عَنْهُ مَالِكٌ وَمُحَمَّدُ بْنُ عَمْرِو وَهُمَا ثِقَتَانِ.

বাংলা



১৮৪৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার জাহেরী কিরা আতের এক সালাত শেষ করে বলেন, "এক্ষুনি তোমাদের কেউ কি কিরা আত পাঠ করেছে?" তখন এক ব্যক্তি বলেন, "হ্যাঁ, হে আ্ল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তাইতো আমি বলি, কী ব্যাপার! আমার সাথে কুরআন নিয়ে টানাটানি করা হচ্ছে!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে এমন কথা শুনার পর থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কিরা আত জোরে পড়তেন, তখন লোকজন কিরা আত পড়া থেকে বিরত থাকেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "ইবনু উকাইমার নাম আমর বিন মুসলিম বিন আম্মার বিন উকাইমাহ, তারা দুইজন ভাই। আমর বিন মুসলিম ও উমার বিন মুসলিম। আমর বিন মুসলিম একজন তাবে'ঈ, তিনি আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীস শুনেছেন আর তার থেকে হাদীস শুনেছেন ইমাম যুহরী।

আর উমার বিন মুসলিম একজন তাবে' তাবে'ঈ, তিনি সাঈদ বিন মুসাইয়্যিব থেকে হাদীস শুনেছেন। তার থেকে হাদীস বর্ণনা করেছেন ইমাম মালিক ও মুহাম্মাদ বিন আমর। তারা দুইজনই নির্ভরযোগ্য রাবী।"

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুরাহ: ৬০৭; মুয়াতা ইমাম মালিক: ১/৮৬-৮৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৩৯; ইমাম বুখারী, আল কিরা'আত খলফাল ইমাম: ৯৬; আবূ দাউদ: ৮২৬; তিরমিযী: ৩১২; সুনান বাইহাকী: ২/১৫৮; বাইহাকী, আল কিরা'আত খলফাল ইমাম: ৩১৭; মুসারাফ আব্দুর রায্যাক: ২৭৯৫; মুসনাদ আহমাদ: ২/২৮৪; ইবনু মাজাহ: ৮৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন